চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয় সম্মেলন কক্ষে জেলা পুলিশের আয়োজনে রবিবার সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা সভাপতিত্বে অক্টোবর/২৩ মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অপরাধ পর্যালোচনা সভায় মামলা নিষ্পত্তি, নিয়মিত মামলায় আসামি গ্রেফতার, ওয়ারেন্ট তামিল, রাত্রিকালীন ডিউটি, হোন্ডা, মোবাইল, জাল টাকা/অজ্ঞানপার্টি/মলমপার্টি চক্র গ্রেফতার, অবৈধ অস্ত্র-গুলি, মাদকদ্রব্য ও চোরাচালান পণ্য উদ্ধার, ভাড়াটিয়া তথ্যফরম পূরণ, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা জোরদার, আইন-শৃঙ্খলা রক্ষাসহ যেকোনো অপ্রীতিকর ঘটনা/গুজব রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। পুলিশ সুপার সকল অফিসার ও ফোর্সের অর্পিত দায়িত্ব পেশাদারিত্বের সাথে যথাযথভাবে পালনের আহ্বান জানান।

উক্ত অপরাধ পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন (পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত) অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোঃ নাজিম উদ্দীন আল আজাদ পিপিএম-সেবা, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা সহ সকল অফিসার ইনচার্জগণ, কোর্ট পুলিশ পরিদর্শক, টিআই (প্রশাসন), চুয়াডাঙ্গাসহ বিভিন্ন পদমর্যাদার অফিসারগণ।

সভাপতি ও সাধারণ সম্পাদকসহ বঙ্গবন্ধু আওয়ামী পরিষদের সংখ্যাগরিষ্ঠতা

উৎসবমূখর পরিবেশে চুয়াডাঙ্গা জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন-২০২৪ অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে ১৫ টি পদের মধ্যে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১২ টি পদে আওয়ামী লীগ সমর্থিত প্যানেল নিরংকুশ বিজয়লাভ করেছে। একটি সম্পাদক পদসহ ৩টি পদে জাতীয়তাবাদী আইনজীবী ঐক্য পরিষদ জয়লাভ করেছে।

গতকাল শনিবার রাত সাড়ে ৭টায় জেলা আইনজীবী সমিতি ভবনে ভোট গণনা শেষে নির্বাচন পরিচালনা উপ-পরিষদের আহ্বায়ক অ্যাড. মো. শাহ আলম ফলাফল ঘোষনা করেন। এসময় নির্বাচন পরিচালনা কমিটির দুই সদস্য অ্যাড. তসলিম উদ্দিন ফিরোজ ও অ্যাড. মাসুদ পারভেজ রাসেল উপস্থিত ছিলেন।

নির্বাচনে সভাপতি পদে মহ. শামসুজ্জোহা ৮২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি আব্দুল খালেক ৭১ ভোট ও সৈয়দ হেদায়েত হোসেন আসলাম ৩৯ ভোট পেয়ে পরাজিত হয়েছেন। সাধারণ সম্পাদক পদে তালিম হোসেন ৬৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি ফজলে রাব্বী সাগর ৬৩ ভোট ও আহসান আলী ৬০ ভোট পেয়ে পরাজিত হয়েছেন।

চুয়াডাঙ্গা জেলা আইনজীবী সমিতি নির্বাচনে বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ ও সম্মিলিত আইনজীবী সমন্বয় পরিষদের মনোনীত সভাপতি প্রার্থী মহ. শামসুজ্জোহা, সহ-সভাপতি পদে আকসিজুল ইসলাম রতন ও কাইজার হোসেন জোয়াদ্দার্র শিল্পী, সাধারণ সম্পাদক পদে তালিম হোসেন, যুগ্ম-সম্পাদক পদে নাসির উদ্দিন-২ ও ছরোয়ার হোসেন, কোষাদ্যক্ষ পদে রবিউল হক রবি, ক্রীড়া ও সাহিত্য সম্পাদক পদে মাসুদুর রহমান রানা এবং কার্যনির্বাহী সদস্য পদে নজরুল ইসলাম বকুল, মফিজুর রহমান মফিজ, আব্দুল জব্বার ও শরিফুল ইসলাম-১ নির্বাচিত হয়েছেন।

অপরদিকে, জাতীয়তাবাদী আইনজীবী ঐক্য পরিষদের মনোনীত প্রার্থী গ্রন্থাগার সম্পাদক পদে মশিউর রহমান পারভেজ, কার্যনির্বাহী সদস্য পদে মাসুদুর রহমান ও সৈয়দ ফারুক উদ্দিন আহম্মেদ নির্বাচিত

হয়েছেন। গতকাল শনিবার সকাল ৮টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত ভোটগ্রহন শেষে ভোট গণনা শুরু হয়। নির্বাচনে ২০৭ জন ভোটারের মধ্যে ১৯৬ জন ভোটার ভোট প্রদান করেন। নবনির্বাচিত কমিটি ২০২৪ সালের ১ জানুয়ারি থেকে দায়িত্ব পালন করবেন।

ঝিনাইদহে হত্যা মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ২ আসামী গ্রেপ্তার

ঝিনাইদহে মা ও মেয়েকে হত্যা মামলায় সাজাপ্রাপ্ত ২ আসামীকে গ্রেফতার করেছে পুলিশ। আজ শুক্রবার সকালে সদর উপজেলার বকসিপুর ও চাদঁপুর এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলো-সদর উপজেলার চাঁদপুর গ্রামের তক্কেল আলীর ছেলে রফিক উদ্দিন ও মৃত আফিল বিশ্বাসের ছেলে ঝন্টু বিশ্বাস।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, ২০০২ সালের ২১ সেপ্টেম্বর চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার নাগদা গ্রামের হাসিনা খাতুন ও তার ৩ বছরের মেয়ে টফিকে নিয়ে এসে মাকে সংঘবদ্ধ ধর্ষণ করার পর তাদের হত্যা করে। ওইদিন সদর উপজেলার সাগান্না ইউনিয়নের চাঁদপুর গ্রামের নবগঙ্গা নদীর পাড় থেকে তাদের গ্রেফতার করা হয়। এ ঘটনায় সাগান্না ইউনিয়নের চৌকিদার সাধন দাস অজ্ঞাতদের আসামী করে সদর থানায় হত্যা মামলা হয়। লাশ উদ্ধারের পর পরিবারের সদস্যরা এসে তাদের পরিচয় শনাক্ত করে। সেই মামলায় চলতি মাসে আদালত ৩ জনকে যাবজ্জীবন কারাদন্ডে দন্ডিত করে। রায়ের সময় আসামীরা পলাতক ছিলো।

আদালত আসামীদের গ্রেফতারে ওয়ারেন্ট জারি করলে সদর থানার এস আই রফিকুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে গ্রেফতার করে। শুক্রবার বিকেলে তাদের আদালতে পাঠানো হয়।

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় ফুডেক্সর প্রতিষ্ঠান মালিকে ১ লাখ টাকা জরিমানা

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে। বৃহস্পতিবার দুপুর সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার ডিঙ্গেদহ শংকরচন্দ্র ও জালশুকা এলাকায় চুয়াডাঙ্গার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. সজল আহমেদের নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয়। অভিযানে মুড়ি, চানাচুর, সেমাইসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্যাকেজিং প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এসময় নানা অনিয়মের অভিযোগে এক ব্যবসাপ্রতিষ্ঠানকে ১ লাখ টাকা জরিমানা করা হয়।

এ সময় তিনি জানান, জালশুকা এলাকায় মেসার্স মাম ফুডেক্স নামক প্রতিষ্ঠানে পূর্বে সতর্ক করা সত্ত্বেও অস্বাস্থ্যকরভাবে সেমাই, চানাচুর ও মুড়ি তৈরি, স্বাস্থ্যবিধি না মানা, কর্মচারীদের টয়লেটে হাত ধোয়ার সাবান হ্যান্ডওয়াস না থাকা, অনুমোদনবিহীনভাবে বাইরের পণ্য নিজেদের নামে প্যাকেজিং করা, পণ্যের প্যাকেটে মিথ্যা বিজ্ঞাপন দেয়া, মেয়াদ উত্তীর্ণ পণ্য ভালো পণ্যের সাথে সংরক্ষণ করে বিক্রয় করা এবং যথাযথভাবে মোড়কীকরণ বিধি না মানার অভিযোগ প্রমাণিত হয়

এসময় বিভিন্ন অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো. রাশেদ আলীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৩, ৪৪ ও ৫১ ধারায় ১ লাখ টাকা জরিমানা করা হয় এবং মেয়াদ উত্তীর্ণ ও অস্বাস্থ্যকর জিনিসগুলো নষ্ট করে দেওয়া হয়।

এসময় অন্যান্য সব ব্যবসায়ীদের আইন মেনে ব্যবসা পরিচালনার ব্যাপারে সতর্ক করা হয় এবং সচেতনতামুলক লিফলেট বিতরণ করা হয়। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানান ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. সজল আহমেদ। অভিযান পরিচালনায় সহযোগিতায় ছিল চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এই অভিযান চলতে থাকবে বলে জানান তিনি।

কুষ্টিয়ায় পাসপোর্ট করতে এসে গ্রেপ্তার রোহিঙ্গা যুবক

কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিসে মোঃ সবুজ নামে নামে এক রোহিঙ্গা যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। তথ্য গোপন করে পাসপোর্ট করার চেষ্টার অপরাধে তাকে গ্রেপ্তার করা হয়।

বুধবার (২২ নভেম্বর) দুপুরে কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিস থেকে তাকে আটক করে পুলিশে সোপর্দ করা হয়।

জানা যায়, কুষ্টিয়া পৌলসভার ১৬ নং ওয়ার্ড (ঢাকা ঝালুপাড়া) ঠিকানা ব্যবহার করে পাসপোর্ট করতে আসা মোঃ সবুজ নামে এক রোহিঙ্গাকে কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিস থেকে আটক করা হয়েছে। আটককৃত মোঃ সবুজ, তার পিতার নাম মোঃ খেদের আলী ও মাতা মরিয়ম বেগম লিখেছেন এবং সেইসাথে কুষ্টিয়ার পৌর ১৬নং ওয়ার্ড কাউন্সিলর আবু জাহিদ সঞ্জুর সুপারিশক্রমে পৌরসভা থেকে নাগরিক সনদ প্রদান হয়।

কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিসের সহকারী পরিচালক সাজ্জাদ হোসেন বলেন, বুধবার সোয়া ১টার দিকে সবুজ আবেদন পত্র জমা দেন। আবেদনপত্রের সঙ্গে নিজের ভোটার আইডি কার্ড, নাগরিক সনদ দাখিল করেন। পরে পাসপোর্ট অফিসের কর্মকতা হাসান আলীর আবেদনকারীকে সন্দেহ হয়। এরপরই তদন্তের মাধ্যমে সনাক্ত করে তাত্ক্ষণিক রোহিঙ্গা ব্যক্তিকে গ্রেফতার করা হয়।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোহেল রানা বিষয়টি নিশ্চিত করেছেন।

মেহেরপুরে নাশকতার অভিযোগে ২ জামায়াত নেতা আটক

নাশকতা মামলায় মেহেরপুরে জামায়াত ইসলামের পৌর শাখার দুই নেতাকে গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার (২২ নভেম্বর) ভোরে মেহেরপুর সদর উপজেলার কোলা গ্রামের কড়াইতলা নামক স্থানে জামায়েত ইসলামের ঝটিকা মিছিল করে ফেরার পথে শহরের কোর্ট মোড় থেকে তাদের গ্রেফতার করে মেহেরপুর সদর থানা পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড পাড়ার মির্জা আজমের ছেলে ও পৌর জামায়াতের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান
(৫০) ও মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের বড় মসজিদ পাড়ার ইসলাম শেখের ছেলে জাহাঙ্গীর হোসেন (৩২)।

জেলা পুলিশের একটি সূত্র জানিয়েছে আটককৃতদের বিরুদ্ধে নাশকতার অভিযোগে মামলা রয়েছে। আদালতে সোপর্দ করার মাধ্যমে তাদের জেলা কারাগারে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গায় মাকে হত্যা দায়ে ছেলের যাবজ্জীবন কারাদণ্ড

চুয়াডাঙ্গায় মাকে হত্যার দায়ে ছেলের যাবজ্জীবন কারাদণ্ড প্রদান করা হয়েছে। চুয়াডাঙ্গায় জবেদা খাতুন (৫০) নামের এক নারীকে হত্যার দায়ে তাঁর ছেলে মুকুল হোসেনকে (২৮) যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। বুধবার দুপুরে চুয়াডাঙ্গার জেলা ও দায়রা জজ আদালতের বিচারক জিয়া হায়দার এ রায় ঘোষণা করেন।

মামলার একমত্রা আসামি ছেলে মুকুল হোসেনের উপস্থিতিতে রায় ঘোষণা করা হয়। চুয়াডাঙ্গার পাবলিক প্রসিকিউটর (পিপি) মো. বেলাল হোসেন এই তথ্য নিশ্চিত করেছেন।

মামলার রায় সূত্রে জানা যায়, ২০২১ সালের ১৩ নভেম্বর বিকেল সাড়ে ৪টার দিকে নিজেদের বাড়িতে জবেদা খাতুনকে ধারালো হাসুয়া দিয়ে মাথায় আঘাত করে হত্যা করেন ছেলে মুকুল হোসেন।

জমিজমা নিয়ে বিরোধের কারণে এ হত্যাকাণ্ড সংঘঠিত হয় বলে মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় নিহত জবেদা খাতুনের ভাই মো. আলাউদ্দিন ঘটনার দিন রাতে মুকুল হোসেনকে আসামি করে চুয়াডাঙ্গা সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

এ মামলায় তদন্ত শেষে তদন্তকারী কর্মকর্তা এসআই হাসানুজ্জামান ২০২১ সালের ৩১ ডিসেম্বর মামলার একমাত্র আসামি মুকুল হোসেনের বিরুদ্ধে আদালতে চার্জশিট দাখিল করেন।

মামলায় ১৮ জন সাক্ষীর সাক্ষ্য প্রমাণে ছেলে মুকুল হোসেনের বিরুদ্ধে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত তাঁকে যাবজ্জীবন কারাদণ্ড দেন।

মেহেরপুরে আপত্তিকর ভিডিও ধারণ করে ব্ল্যাকমেইল ও ধর্ষণের অভিযোগে মামলা

মেয়ের আপত্তিকর ভিডিও ধারণ করে মেয়ের মাকে ব্ল্যাকমেইল ও ধর্ষণের অভিযোগ এনে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল মেহেরপুরে পিটিশন মামলা দায়ের করেছেন মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের এক নারী।

গত সোমবার ২০ নভেম্বর নার্গিস খাতুন মেহেরপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে উপস্থিত হয়ে তার আইনজীবীর মাধ্যমে পিটিশন মামলার জন্য নালিশী দরখাস্ত দাখিল করেন। আদালত দরখাস্তটি আমলে নিয়ে পিবিআই’কে তদন্তের নির্দেশ দেন।

মামলার এজহার থেকে জান গেছে, চাঁদবিল গ্রামের মৃত জামশেদ আলীর ছেলে মোঃ মতু (৩৮) মামলার বাদীর ভাসুরের ছেলে এবং প্রতিবেশী।

বাদীর স্বামীর অনুপস্থিতিতে মোঃ মতু প্রায়ই তাকে কুপ্রস্তাব দিত। পরবর্তীতে এক সময় সে বাদীর কন্যার গোসলের ভিডিও ধারণ করে বাদীর কন্যার স্বামীকে দেখিয়ে দেওয়ার কথা বলে। ভয় দেখিয়ে দীর্ঘদিন যাবত বাদীর সাথে অনৈতিক সম্পর্ক স্থাপনের জন্য ব্ল্যাকমেইল করে আসছিলো। একপর্যায়ে আসামী মোঃ মতু বাদীকে ধর্ষন করে ভিডিও ধারন করে এবং ঐ ভিডিও ইন্টারনেটের মাধ্যমে ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে ব্ল্যাকমেইল করতে থাকে। ঘটনাটি নিয়ে থানায় মামলা করতে গেলে থানা থেকে আদালতে মামলা করার পরামর্শ দেওয়া হয়। এজহারে বাদী আরো উল্লেখ করেছেন ঘটনাটি বাদীর স্বামীকে জানানোর পর তার স্বামী তাকে ছেড়ে চলে যায়।

বাদীর আইনজীবী এডভোকেট রোকেয়া খাতুন আদালতে মামলার বিষয়টি নিশ্চিত করে বলেন, ‘নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল মেহেরপুর আদালতের বিচারক মামলাটি গ্রহণ করে পিবিআইকে তদন্তের নির্দেশ দিয়েছেন। ‘

মেহেরপুরে অস্ত্রসহ ভিডিপি সতেজকরণ প্রশিক্ষণের উদ্বোধন

মেহেরপুর আনসার ও ভিডিপির অস্ত্রসহ সতেজকরণ প্রশিক্ষণ ১ম ধাপের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২১ নভেম্বর) দুপুর ১২ টায় জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩ দিন মেয়াদি অস্ত্রসহ সতেজকরণ প্রশিক্ষণ উপলক্ষে প্রশিক্ষণ শ্রেণিকক্ষের ১ম ধাপের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর শুভ উদ্বোধন ঘোষণা করেন।

এ সময় কোর্সের সাথে সংশ্লিষ্ট কোর্স অ্যাডজুট্যান্ট মুজিবনগর উপজেলা আনসার কর্মকর্তা মিরাজুল ইসলাম, প্রশিক্ষণ কর্মকর্তা সিএ মোঃ আল মামুন, সদর উপজেলা প্রশিক্ষকা ফেরদৌসী বানু, সদর টিআই

সাগর আহমেদসহ কোর্স সংশ্লিষ্ট বিভাগীয় প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।

জেলার তিনটি উপজেলা হতে মোট ৬৫ জন আনসার ও ভিডিপি সদস্য অংশ নেন।